

মডেল অ্যাক্টিভিটি টাস্ক

সপ্তম শ্রেণি
পরিবেশ ও বিজ্ঞান
পূর্ণমান : ২০

১. ঠিক উত্তর নির্বাচন করো : ১×৩=৩
- ১.১ এমন একটি খাদ্য উপাদান যা থেকে শক্তি পাওয়া যায় না তা হলো—
- (ক) কার্বোহাইড্রেট (খ) ভিটামিন
(গ) লিপিড (ঘ) প্রোটিন।
- ১.২ গয়টার হয় যে খাদ্য উপাদানের অভাবে তা হলো—
- (ক) সোডিয়াম (খ) আয়রন
(গ) আয়োডিন (ঘ) ক্যালশিয়াম।
- ১.৩ একটি প্রক্রিয়াজাত খাদ্যের উদাহরণ হলো—
- (ক) আনারস (খ) আনারসের জ্যাম
(গ) আম (ঘ) কোল্ড ড্রিংক্স।
২. শূন্যস্থান পূরণ করো : ১×৩=৩
- ২.১ প্রোটিনের অভাবে _____ রোগ হয়।
- ২.২ চুল ও নখে _____ প্রোটিন থাকে।
- ২.৩ আয়রন _____ পরিবহণে সাহায্য করে।
৩. একটি বা দুটি বাক্যে উত্তর দাও : ২×৪=৮
- ৩.১ খাদ্যতন্তু পাওয়া যায় এমন দুটো খাবারের নাম লেখো।
- ৩.২ ম্যারাসমাস রোগের ক্ষেত্রে কী কী লক্ষণ দেখা যায়?
- ৩.৩ মানবদেহে লিপিডের ভূমিকা উল্লেখ করো।
- ৩.৪ ভিটামিন C-র দুটি উৎসের নাম লেখো।
৪. তিন-চারটি বাক্যে উত্তর দাও : ৩×২=৬
- ৪.১ মানবদেহে ফাইটোকেমিক্যালসের ভূমিকা উল্লেখ করো।
- ৪.২ জীবদেহে জলের ভূমিকা ব্যাখ্যা করো।